

💵 কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

১৮০. ধর্ম নিয়ে বাড়াবাড়ি করা

'আব্দুল্লাহ্ বিন্ 'আববাস্ (রাযিয়াল্লাভ্ আনভ্মা) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সা.) ইরশাদ করেন:

يَا أَيُّهَا النَّاسُ! إِيَّاكُمْ وَالْغُلُقَّ فِيْ الدِّيْنِ ، فَإِنَّهُ أَهْلَكَ مَنْ كَانَ قَبْلَكُمْ الْغُلُقُّ فِيْ الدِّيْنِ

"হে মানুষ সকল! তোমরা ধর্মীয় ব্যাপারে বাড়াবাড়ি করো না। কারণ, তোমাদের পূর্বেকার সকল উম্মাত শুধু এ কারণেই ধ্বংস হয়ে গিয়েছে"।[1]

'আব্দুল্লাহ্ বিন্ মাস্'উদ (রাযিয়াল্লাহু আনহুমা) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সা.) ইরশাদ করেন:

هَلَكَ الْمُتَنَطِّعُوْنَ ، هَلَكَ الْمُتَنَطِّعُوْنَ ، هَلَكَ الْمُتَنَطِّعُوْنَ

"সীমা লজ্যনকারীরা ধ্বংস হোক! রাসূল (সা.) এ বাক্যটি তিন বার উচ্চারণ করেন"।[2]

>

ফুটনোট

- [1] (ইবনু মাজাহ্, হাদীস ৩০৮৫ ইবনু হিববান্, হাদীস ১০১১)
- [2] (মুসলিম, হাদীস ২৬৭০ আবু দাউদ, হাদীস ৪৬০৮)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11430

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন